আজকের কাগজ আজকের কাগজ
তারিখ 19 OCT 1991
পৃষ্ঠা ৮ কলাম ৭

84

# ২৪ নভেম্বরের মধ্যে ক্লাস শুরু না হলে ব্যাপক কর্মসূচি

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** আগামী ২৪ নভেম্বরের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্লাস আরম্ভ করার ব্যবস্থা না করলে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম পরিষদ ব্যাপক কর্মসূচি ঘোষণা করবে।

গতকাল সোমবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম পরিষদ উপাচার্যের কাছে দেয়া এক স্মারকলিপিতে একথা বলেছেন।

গতকাল বেলা এগারোটায় শিক্ষা সংগ্রাম পরিষদের একটি মিছিল উপাচার্যের কার্যালয়ে যায়। এখানে অনুষ্ঠিত এক সমাবেশে বক্তৃতা করেন শামসুল আলম লিটন, ইশারফ হোসেন ও কায়সার কামাল। সমাবেশে বক্তারা বলেন, বাস্তবতার নিরিখে প্রয়োজনে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ক্লাস ও পরীক্ষা নিয়মিতভাবে নিতে হবে। বক্তারা উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার উক্তি উদ্ধৃত করে বলেন, বিশ্ববিদ্যালয় খোলা রেখেই সমস্যার সমাধান করত হবে।' বক্তারা বলেন, শিক্ষকদের ক্লাস বর্জনের মাধ্যমে সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন প্রতিষ্ঠা সম্ভব নয়। বক্তারা ক্লাস বর্জনের কর্মসূচি প্রত্যাহার করে নিয়মিতভাবে ক্লাস নেয়ার জন্যে শিক্ষকদের প্রতি আহবান জানান। সমাবেশ শেষে উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার কাছে শিক্ষা সংগ্রাম পরিষদ স্মারকলিপি দেয়। এসময় উপাচার্য উপস্থিত শিক্ষা সংগ্রাম পরিষদভুক্ত ছাত্রদের তাদের দাবিনামার ব্যাপারে আশ্বস্ত করেন এবং তাদের দাবির সঙ্গে উপাচার্য নীতিগতভাবে একমত হন।